

জীবন-তরী ।

যদিও আঁধারে চাকে দশদিন—

মাথার উপরে ঝটিকা বয়,

যদিও সে নদী অকুণ্ণ অপার—

ভীষণ কুমীর হাজর রয় ;

বাইব আমি একাকী হাল

ছিঁড়ে যদি ছিঁড়ুক না পাল

ওনেছি যে বংশীধ্বনি প্রাণ-উত্তলা-করা—

যদিও মরি, এমন সুখে হবে কি আর মরা ?

সেথা সাগর-সঙ্গমেতে

আলোক-মঞ্চ-উপর হতে

ঐ যে আসে আলো ভাসি' তরণীর 'পরে,

ঐ যে আলো ঢুকল আমার আঁধার অন্তরে ।

বাহিরে ঘোর অন্ধকার—

করি না তার ভয়

একা বাইব নৌকা, জগৎ

হোক না তিমিরময় ।

হয়তো কিছু দূরে গেলে

নদীর বুকে জ্যোছ' না খেলে,

দেখতে পাব মাথার 'পরে লক্ষ লক্ষ তারা

কণিক আঁধার হেরে যেন হই না ভয়ে সারা ।

শ্রীহর্গাদাস চট্টোপাধ্যায়,

চতুর্থ বার্ষিক (বি, এ,) শ্রেণী ।